

এ বছরের এসএসসি ও সমমানের ফল প্রকাশ করা হবে আজ সোমবার। বেলা ১২টা থেকে শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটের পাশাপাশি মোবাইলে এসএমএসের মাধ্যমেও জানা যাবে মাধ্যমিক পরীক্ষার ফল।

এদিন বেলা ১১টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফল প্রকাশ কার্যক্রমের উদ্বোধন করবেন। এরপর পরে দুপুর ১২টা থেকে শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ফল পাওয়া যাবে।

advertisement

দুপুর ১টায় শিক্ষামন্ত্রী দীপু মনি ফলের তথ্যউপাত্ত তুলে ধরে সেগুনবাগিচা আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে সংবাদ সম্মেলন করবেন। ঢাকা শিক্ষা বোর্ড জানিয়েছে, [www.education boardresults.gov.bd](http://www.educationboardresults.gov.bd) ওয়েবসাইটে গিয়ে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ফল জানা যাবে। শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটের পাশাপাশি মোবাইলে এসএমএস পাঠিয়েও প্রতিবছরের মতো ফল জানতে পারবে শিক্ষার্থীরা। আর মোবাইলে এসএমএসের মাধ্যমে ফল পেতে ঝঝড় লিখে স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০২২ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসেই ফল পাওয়া যাবে।

advertisement 4

দাখিলের ফল পেতে উধশয়রষ লিখে স্পেস দিয়ে গধফ লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০২২ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। আর কারিগরি বোর্ডের ক্ষেত্রে ঝঝড় লিখে স্পেস দিয়ে এওবপ লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০২২ লিখে ১৬২২২ নম্বরে পাঠালে ফিরতি এসএমএসে ফল পাওয়া যাবে।

এ বছর নয়টি সাধারণ বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড মিলিয়ে ২০ লাখ ২১ হাজার ৮৬৮ শিক্ষার্থী এসএসসি ও সমমান পরীক্ষায় অংশ নেয়।

9  
Shares